

203/Beng(C)

UG/2nd Sem/BNG-H-GE-T-2/24

২০২৪

বাংলা

[অনার্স]

(জেনেরিক ইলেকটিভ)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

কোর্স কোড : BNG-H-GE-T-2

[বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ):

গদ্যের বিকাশ, সাময়িক পত্র ও ভাষার ইতিহাস]

[CBCS]

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০
- ক) ধ্বনি পরিবর্তনের একটি কারণ লেখো।
- খ) 'বঙ্গদর্শন' পত্রিকাতে প্রকাশিত দুটি রচনার উল্লেখ করো।
- গ) আদিমধ্য বাংলা ভাষার একটি সাহিত্যিক নিদর্শন লেখকের নামসহ উল্লেখ করো।
- ঘ) 'এখন আর খাঁটি বাঙালি কবি জন্মে না— জন্মিবার যো নাই— জন্মিয়া কাজ নাই।'
— কে কার সম্পর্কে এরূপ মন্তব্য করেছেন?

(পরের পাতায়)

- ঙ) দীনবন্ধু মিত্রের প্রথম নাটকটির নাম প্রকাশকালসহ উল্লেখ করো।
- চ) 'ভোরের পাখি' সম্ভাষণ কে কাকে করেছিলেন?
- ছ) 'সবুজপত্র' পত্রিকার সম্পাদক কে? কত সালে প্রকাশিত হয়েছিল?
- জ) 'দুর্গেশনন্দিনী' উপন্যাসের দুটি চরিত্রের নাম লেখো।
- ঝ) নাট্যকার মধুসূদন দত্তের দুটি পৌরাণিক নাটকের নাম লেখো।
- ঞ) 'সকলেই কবি নয়। কেউ কেউ কবি।'

— এই বিশিষ্ট উক্তিটি কোন্ কবির? তিনি কোন্ গ্রন্থে এরূপ মন্তব্য করেছেন?

- ট) প্রাচীন বাংলা ভাষার বিস্তার আনুমানিক কত খ্রিস্টাব্দ থেকে কত খ্রিস্টাব্দ পর্যন্ত?
- ঠ) প্রথম চৌধুরীর ছদ্মনাম কী? তিনি বাংলা গদ্যে কোন্ রীতির প্রবর্তক হিসাবে প্রসিদ্ধ?
- ড) বাংলা ভাষার শব্দভাণ্ডারকে উৎসগত বিচারে যে তিনটি শ্রেণীতে ভাগ করা যায় সেগুলি কী কী?
- ঢ) 'লিপিমাল্য' গ্রন্থটি কার রচনা? গ্রন্থটির প্রকাশসাল কত?
- ণ) অপিনিহিতি কাকে বলে?

- ২। 'ক' বিভাগ থেকে যে-কোনো তিনটি এবং 'খ' বিভাগ থেকে যে-কোনো একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

বিভাগ-ক

- ক) 'নীলদর্পণ' নাটক অবলম্বনে দীনবন্ধু মিত্রের কৃতিত্ব ব্যাখ্যা করো।
- খ) বাংলা সাহিত্যে 'সবুজপত্র' নামক পত্রিকার ভূমিকা সংক্ষেপে লেখো।

- গ) যুগসন্ধির কবি কাকে বলা হয়? কেন বলা হয়?
- ঘ) টীকা লেখো (যে কোনো দুটি) :
- অ) সারদামঙ্গল
- আ) সংবাদ প্রভাকর
- ই) ঘরে-বাইরে
- ঈ) কৃষ্ণকান্তের উইল

খ-বিভাগ

- ঙ) টীকা লেখো (যে কোনো দুটি) :
- অ) তদ্ভব
- আ) স্বরসঙ্গতি
- ই) প্রাচীন বাংলার ছন্দোবৈশিষ্ট্য
- ঈ) তৎসম
- চ) বরেন্দ্রী উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।

- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
- ক) প্রহসন রচনায় নাট্যকার দীনবন্ধু মিত্রের কৃতিত্ব আলোচনা করো।
- খ) বাংলা সাহিত্যে ঔপন্যাসিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্বের পরিচয় দাও।
- গ) বাংলা সাহিত্যে ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্রের কৃতিত্ব বুঝিয়ে দাও।
- ঘ) বাংলা কাব্যসাহিত্যে কবি রবীন্দ্রনাথের ভূমিকা সংক্ষেপে লেখো।